কুষ্টিয়ায় অসামাজিক কার্যকলাপে জড়িত থাকার অভিযোগে নারীসহ আটক ৫

কুষ্টিয়া সদর উপজেলার হাটশ হরিপুর ইউনিয়নের বোয়ালদহ এলাকায় একটি কক্ষে অসামাজিক কার্যকলাপে লিপ্ত থাকার অভিযোগে এক যুবক ও চার নারীকে হাতেনাতে আটক করেছে এলাকাবাসী। পরে খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে তাদের উদ্ধার করে থানা হেফাজতে নেয়।

মামলার এজাহার সূত্রে জানা যায়, আটক ব্যক্তিরা হলেন—কুষ্টিয়া শহরের আমলাপাড়া এলাকার নিতাই অধিকারীর ছেলে প্রশান্ত অধিকারী মানব, বোয়ালদহ নতুনপাড়া এলাকার সাইদুর রহমানের মেয়ে শ্রাবণী আফরিন, শহরের মিললাইন এলাকার অজয় কুমার রায়ের মেয়ে অন্তি রানী রায়, টাঙ্গাইলের নাগরপুর উপজেলার বাগজান গ্রামের সিদ্দিকুর রহমানের মেয়ে সাথী খাতুন ওরফে সিমরান এবং কুষ্টিয়ার মিরপুর উপজেলার মশান গ্রামের রওশন উদ্দিনের মেয়ে রজনী খাতুন।

ঘটনার সত্যতা নিশ্চিত করে কুষ্টিয়া সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জাকির হোসেন জানান, এ ঘটনায় গ্রেপ্তারকৃত পাঁচজনের বিরুদ্ধে দণ্ডবিধির ২৯০ ধারায় মামলা রুজু করা হয়েছে। আইনি প্রক্রিয়া শেষে তাদের আদালতে সোপর্দ করা হয়েছে।

গাংনীতে ৭ কেজি গাঁজাসহ মাদক কারবারি আটক

মেহেরপুরের গাংনীতে ৭ কেজি গাঁজাসহ হাসিবুল ইসলাম (৪৬) নামের এক মাদক কারবারিকে আটক করেছে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন-এসআরবি-১২।

শনিবার (২৪ অক্টোবর) ভোর সাড়ে ৪ টার দিকে উপজেলার নওপাড়া ক্লাব পাড়া এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। আটক হাসিবুল ইসলাম

গাংনী উপজেলার নওপাড়া গ্রামের ক্লাব পাড়ার মৃত হাবিবুর রহমানের ছেলে।

এসআরবি-১২ গাংনীস্থ ক্যাম্পের কোম্পানি কমান্ডার সহকারী পুলিশ সুপার হান্নান হাওলাদার কর্তৃক প্রেরিত প্রেস বিজ্ঞপ্তিতে জানায়, মেহেরপুরের গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের নওপাড়া ক্লাবের কাছে গাঁজা নিয়ে এক ব্যক্তি অবস্থান করছে। এমন গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালানো হয়।

এ সময় হাসিবুল ইসলাম আটক করে তার কাছ থেকে ৭ কেজি গাঁজা উদ্ধার করা হয়। উদ্ধারকৃত গাঁজাসহ আটক ব্যক্তির বিরুদ্ধে ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনের ৩৬(১) সারণির ১৯(খ) ধারায় মামলা দায়ের পুর্বক গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।

মেহেরপুরে কিশোর গ্যাংবিরোধী অভিযান, এক রাতেই আটক ৪৯

মাদক ও কিশোর গ্যাং বিরোধী অভিযান চালিয়ে এক রাতেই ৪৯ জনকে আটক করেছে মেহেরপুর জেলা পুলিশ।

বৃহস্পতিবার (২২ অক্টোবর) সন্ধ্যা থেকে রাত সাড়ে ১১টা পর্যন্ত জেলার বিভিন্ন এলাকায় পুলিশ অভিযান চালিয়ে তাদের আটক করে। বিষয়টি নিশ্চিত করেছেন সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হুমায়ুন কবির।

আটককৃতদের মধ্যে মেহেরপুর সদর থানায় ৪৬ জন ও গাংনী থানায় তিন জন রয়েছে। আটক কৃতদের মধ্যে গাংনী থানার তিনজনসহ ২৬ জন অপ্রাপ্তবয়স্ক হওয়ায় তাদের অভিভাবকদের ডেকে মুচলেকায় নিয়ে ছেড়ে দেওয়া হয়েছে। বাকি ২৩ জনকে আটক করেছে পুলিশ।

মেহেরপুর জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার জামিনুর রহমান খান বলেন, ‘নিয়মিত অভিযানের পাশাপাশি মেহেরপুরের পুলিশ সুপারের নির্দেশনায় জেলাব্যাপী কিশোর গ্যাং, মাদক এবং অনলাইন

জুয়াবিরোধী সাঁড়াশি অভিযান শুরু করা হয়েছে। প্রথমদিকে সতর্কতামূলক পদক্ষেপ হিসেবে অপ্রাপ্তবয়স্কদের তাদের অভিভাবকের মুচলেকা নিয়ে তাদের জিম্মাই দেওয়া হচ্ছে। তবে মাদকসহ যারা আটক হয়েছে তাদের প্রত্যেকের বিরুদ্ধে নিয়মিত মামলা হবে। এখন থেকে প্রতিনিয়ত এই অভিযান চলমান থাকবে।

কোটচাঁদপুরে যুবলীগ নেতা সন্দেহে আটক, ৩ ঘণ্টা পর জামায়াতের কাগজপত্রে মুক্ত

ঝিনাইদহের কোটচাঁদপুরে যুবলীগের সঙ্গে সংশ্লিষ্টতার অভিযোগে হায়দার আলী (৪৫) নামে এক ব্যক্তিকে আটক করে পুলিশ। পরে জামায়াতের স্থানীয় নেতারা তাঁকে নিজেদের সংগঠনের সঙ্গে যুক্ত থাকার পক্ষে কাগজপত্র জমা দিলে প্রায় তিন ঘণ্টা পর তাঁকে ছেড়ে দেওয়া হয়।

বুধবার (২১ অক্টোবর) সন্ধ্যায় উপজেলার তালসার পশ্চিমপাড়া এলাকার নিজ বাড়ি থেকে তাঁকে আটক করেন তালসার পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক (এসআই) তবিবুর রহমান। হায়দার আলী ওই এলাকার মৃত দলিল উদ্দিনের ছেলে।

কোটচাঁদপুর পৌর জামায়াতের আমির আব্দুল কাইয়ুম বলেন, বুধবার সন্ধ্যায় তাঁরা খবর পান, তালসার ইউনিটের এক কর্মীকে পুলিশ আটক করেছে। পরে তাঁরা থানায় গিয়ে হায়দার আলী জামায়াতের সঙ্গে সম্পৃক্ত বলে জানান।

এ সময় থানা থেকে তাঁর পক্ষে কাগজপত্র চাওয়া হয়। পরে ২০২২ সাল থেকে জামায়াতের সঙ্গে তাঁর সম্পৃক্ততার প্রমাণ হিসেবে বিভিন্ন কাগজপত্র জমা দেওয়া হয়। সেগুলো যাচাই-বাছাই শেষে তাঁকে উপজেলা জামায়াতের ভারপ্রাপ্ত আমির আজিজুর রহমানের কাছে হস্তান্তর করা হয়।

কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী হাসান

বলেন, গোপন সূত্রের তথ্যের ভিত্তিতে হায়দার আলীকে ৪ নম্বর ওয়ার্ড যুবলীগের সাধারণ সম্পাদক সন্দেহে আটক করা হয়েছিল। পরে স্থানীয় জামায়াত নেতারা এসে দাবি করেন, তিনি ২০২২ সাল থেকে তাঁদের সংগঠনের সঙ্গে যুক্ত। এ সময় তাঁরা তাঁর পক্ষে ইয়ানতের রসিদসহ বিভিন্ন সভা-সমাবেশে অংশগ্রহণের কাগজপত্র জমা দেন।

ওসি আরও বলেন, হায়দার আলী যুবলীগের সঙ্গে যুক্ত—এমন দাবির পক্ষেও কাগজপত্র চাওয়া হয়েছিল। তবে সংশ্লিষ্টরা কোনো কাগজপত্র দেখাতে পারেননি। পরে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে কথা বলে তাঁকে স্থানীয় জামায়াত নেতাদের হাতে তুলে দেওয়া হয়।

ভুল তথ্য দিয়ে পুলিশকে বিভ্রান্ত করার বিষয়ে ওসি বলেন, গোপন সূত্রের দেওয়া তথ্য মিথ্যা প্রমাণিত হওয়ায় সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

আলমডাঙ্গায় গ্রামবাসীর সাহসিকতায় ব্যর্থ ডাকাতির চেষ্টা, আটক ডাকাত সদস্য

আলমডাঙ্গায় গ্রামবাসীর সাহসিকতায় ব্যর্থ হয়েছে ডাকাতির চেষ্টা। আটক হয়েছে একজন ডাকাত সদস্য।

আলমডাঙ্গা উপজেলার খাসকররা ইউনিয়নে স্থানীয় দুই গ্রামের মানুষের ঐক্যবদ্ধ প্রতিরোধে একটি বড় ধরনের ডাকাতির চেষ্টা ব্যর্থ হয়েছে। গ্রামবাসীর তাৎক্ষণিক গণধাওয়ার মুখে পিছু হটতে বাধ্য হয় ডাকাত দলটি।

স্থানীয় সূত্রে জানা যায়, গত ১৫ ই অক্টোবর রাতে খাসকররা ইউনিয়নের কাবিলনগর গ্রামের মতিয়ার রহমানের বাড়িতে একদল সশস্ত্র ডাকাত হানা দেয়। বাড়ির ভেতরে ঢোকার সময় বিষয়টি টের পেয়ে পরিবারের সদস্যরা চিৎকার শুরু করেন। ওই আওয়াজ শুনে আশপাশের ৭-৮ জন গ্রামবাসী লাঠিসোটা হাতে দ্রুত ঘটনাস্থলে পৌঁছে ডাকাতদের

গ্রামবাসীর তীব্র প্রতিরোধের মুখে পড়ে টিকতে না পেরে ডাকাত দল পালিয়ে যাওয়ার চেষ্টা করে। কাবিলনগর গ্রামের সীমানা পেরিয়ে তারা পার্শ্ববর্তী রায়সা গ্রামের দিকে ছুটলে স্থানীয়রা তাদের ধাওয়া করেন। এরই মধ্যে রায়সা গ্রামের বাসিন্দারাও সতর্ক হয়ে যান। দুই গ্রামের মানুষের যৌথ ও সাহসী পদক্ষেপে চারদিক থেকে অবরুদ্ধ হয়ে পড়ে ডাকাত দল। একপর্যায়ে রায়সা গ্রামের লোকজন হাতেনাতে ডাকাতদের আটক করেন।

কোটচাঁদপুরে দেহ ব্যবসার অভিযোগে ৪ নারী ও ১ পুরুষ আটক

ঝিনাইদহের কোটচাঁদপুরে দেহ ব্যবসার সঙ্গে জড়িত থাকার অভিযোগে চার নারী ও এক পুরুষকে আটক করেছে পুলিশ। বুধবার দুপুরে স্থানীয় দুধসরা বাসস্ট্যান্ডের অদূরে সানাউল্লাহর তিনতলা ভবনে অভিযান চালিয়ে তাঁদের আটক করা হয়।

আটক ব্যক্তিরা হলেন—মহেশপুর উপজেলার জলিলপুর গ্রামের রেজাউল ইসলামের মেয়ে রাজিয়া খাতুন (৩৭), মাইলবাড়িয়া গ্রামের শাহ জালালের মেয়ে মাহফুজা খাতুন (২৭), ঝিটকিপোতা গ্রামের জিয়াউর রহমানের ছেলে নাসিম রাজা (৩৫), চুয়াডাঙ্গার দর্শনা এলাকার ঈশ্বরচন্দ্রপুর গ্রামের আকাশ হোসেনের মেয়ে ফেরদৌস লামিয়া (২০) এবং আন্দোবাড়িয়া গ্রামের হাসানের স্ত্রী তাজ নাহার (৪৫)।

স্থানীয় ভাঙারি ব্যবসায়ী রাজু আহম্মেদ বলেন, ভবনটির মালিক সানাউল্লাহ। আগে তিনি কাঠের ব্যবসা করতেন, বর্তমানে ছোটখাটো ব্যবসা করেন। তাঁর ছেলেরা বিদেশে থাকেন। কিছুদিন আগে ভবনটির নির্মাণকাজ শেষ হয়েছে। ওই ভাড়াটিয়ারাই প্রথম সেখানে ভাড়া উঠেছেন।

রাজু আহম্মেদ আরও বলেন, ঘটনার সময় তিনি নিজের ব্যবসাপ্রতিষ্ঠানে কাজ করছিলেন। তখন পুলিশের একটি পিকআপ আসতে দেখেন। প্রায় এক ঘণ্টা পর পুলিশ আটক ব্যক্তিদের গাড়িতে তুলে নিয়ে যায়। পরে তিনি জানতে

পারেন, তাঁদের বিরুদ্ধে অসামাজিক কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগ রয়েছে।

কোটচাঁদপুর পুলিশ ফাঁড়ির পুলিশ পরিদর্শক বিধান কুমার বিশ্বাস বলেন, আটক ব্যক্তিরা এর আগে মহেশপুরে এ ধরনের কর্মকাণ্ডে জড়িত ছিলেন বলে তথ্য পাওয়া গেছে। বিষয়টি জানাজানি হলে তাঁরা সেখান থেকে এসে কোটচাঁদপুরের ওই ভবনে এ কার্যক্রম শুরু করেন। গোপন সংবাদের ভিত্তিতে বুধবার ওই ভবনে অভিযান চালিয়ে চার নারী ও এক পুরুষকে আটক করা হয়।

কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী হাসান বলেন, গোপন সংবাদের ভিত্তিতে কোটচাঁদপুর পৌর পুলিশ ফাঁড়ির পুলিশ পরিদর্শক বিধান কুমার বিশ্বাস ও অন্য পুলিশ সদস্যরা দুধসরা বাসস্ট্যান্ডের ওই ভবনে অভিযান চালান। এ সময় চার নারী ও এক পুরুষকে আটক করা হয়। বিষয়টি নিয়ে তদন্ত চলছে। তদন্ত শেষে আইনগত প্রক্রিয়া অনুসরণ করে তাঁদের আদালতে পাঠানো হবে।

পুলিশ জানায়, আটক ব্যক্তিরা বর্তমানে কোটচাঁদপুর থানার হেফাজতে রয়েছেন।

মহেশপুর সীমান্তে কোটি টাকার স্বর্ণের বার উদ্ধার, আটক ১

ঝিনাইদহের মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি)-এর অভিযানে ৫৭৪.৫১ গ্রাম ওজনের চারটি স্বর্ণের বার উদ্ধার করা হয়েছে। এ সময় স্বর্ণ পাচারের অভিযোগে ব্যাটারিচালিত ভ্যানসহ সেলিম হোসেন (৩৫) নামে এক ব্যক্তিকে আটক করা হয়েছে।

উদ্ধার করা স্বর্ণের সিজার মূল্য ১ কোটি ১ লাখ ৪৬ হাজার টাকা। স্বর্ণ, ভ্যান ও মাইকের মোট সিজার মূল্য ১ কোটি ১ লাখ ৯৭ হাজার টাকা।

সোমবার (১২ অক্টোবর) মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি)-এর সহকারী

পরিচালক মুন্সী ইমদাদুর রহমানের পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, গত ১১ অক্টোবর রাত সাড়ে ১০টার দিকে মহেশপুর ব্যাটালিয়নের অধীন গয়েশপুর বিওপির সদস্যরা অভিযান চালান। সীমান্ত পিলার ৬৭-এমপি থেকে আনুমানিক এক কিলোমিটার বাংলাদেশের অভ্যন্তরে চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার ৪ নম্বর সীমান্ত ইউনিয়নের গয়েশপুর গ্রামের যাত্রীছাউনির সামনে থেকে সেলিম হোসেনকে আটক করা হয়। তিনি চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার ধোপাখালী গ্রামের সদরপাড়ার বারব আলীর ছেলে।

এ সময় তাঁর ব্যাটারিচালিত ভ্যানের সামনে লাগানো সাদা রঙের ছোট মাইকের ব্যাটারি রাখার স্থান থেকে চারটি স্বর্ণের বার উদ্ধার করা হয়। উদ্ধার করা স্বর্ণের মোট ওজন ৫৭৪.৫১ গ্রাম। এর সিজার মূল্য ১ কোটি ১ লাখ ৪৬ হাজার টাকা। স্বর্ণের পাশাপাশি ব্যাটারিচালিত ভ্যান ও ছোট মাইকসহ জব্দ করা মালামালের মোট সিজার মূল্য ১ কোটি ১ লাখ ৯৭ হাজার টাকা।

বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়, আটক সেলিম হোসেনকে ব্যাটারিচালিত ভ্যান ও মাইকসহ জীবননগর থানায় সোপর্দ করা হয়েছে। উদ্ধার করা স্বর্ণ চুয়াডাঙ্গা জেলা সরকারি কোষাগারে জমা দেওয়ার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

ঝিনাইদহে বীরশ্রেষ্ঠ হামিদুর রহমানের ভাস্কর্যে জুতার মালা, যুবক আটক

ঝিনাইদহ শহরের কেন্দ্রীয় বাস টার্মিনাল এলাকায় নির্মাণাধীন বীরশ্রেষ্ঠ হামিদুর রহমানের ভাস্কর্যে জুতার মালা দিয়ে অবমাননার ঘটনায় আব্দুর রহমান ওরফে সম্রাট (৩০) নামে এক যুবককে আটক করেছে পুলিশ।

মঙ্গলবার (৬ অক্টোবর) রাত ৯টার দিকে শহরের কাঞ্চননগর এলাকা থেকে তাকে আটক করে ঝিনাইদহ সদর থানা পুলিশ। আটক আব্দুর রহমান ওরফে সম্রাট ঝিনাইদহ পৌর এলাকার কাঞ্চননগর পাড়ার মৃত শাহাদাৎ হোসেনের ছেলে।

পুলিশ জানায়,ভাস্কর্যে জুতার মালা পরিয়ে অবমাননার ঘটনার পর থেকেই জড়িতদের শনাক্ত ও আটকের জন্য অভিযান চালানো হচ্ছিল। এরই ধারাবাহিকতায় গোপন সংবাদের ভিত্তিতে কাঞ্চননগর এলাকায় অভিযান চালিয়ে সম্রাটকে আটক করা হয়।

পুলিশ আরও জানায়,ঘটনাস্থলের সিসিটিভি ক্যামেরার ফুটেজ পর্যালোচনা করে ওই যুবককে শনাক্ত করা হয়েছে।

ঝিনাইদহের অতিরিক্ত পুলিশ সুপার শেখ বিল্লাল হোসেন বলেন,ঘটনার পর থেকেই জড়িত ব্যক্তিকে আটকের জন্য পুলিশ অভিযান চালিয়ে আসছিল। মঙ্গলবার রাত সাড়ে ৮টার দিকে সংবাদ পেয়ে কাঞ্চননগর এলাকা থেকে তাকে আটক করা হয়েছে। সিসিটিভি ফুটেজ দেখে তাকে শনাক্ত করা হয়। এ ঘটনায় আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।

মেহেরপুরে ভারতীয় ওষুধসহ দুই চোরাকারবারি আটক

মেহেরপুরে চোরাচালানবিরোধী অভিযান চালিয়ে বিপুল পরিমাণ শুল্ক ফাঁকি দিয়ে আনা ভারতীয় ওষুধ, একটি ইজিবাইক ও একটি মোটরসাইকেলসহ দুই চোরাকারবারিকে আটক করেছে এসআরবি-১২-এর সিপিসি-৩-এর সদস্যরা।

গতকাল রোববার দুপুর ২টা ৫৫ মিনিটের দিকে মেহেরপুর সদর থানাধীন পৌরসভার ৯ নম্বর ওয়ার্ডের কোর্টপাড়া এলাকায় অভিযান চালিয়ে তাদের আটক করা হয়।

আটকরা হলেন মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা গ্রামের মন্টু ইসলামের ছেলে কাবিদুল ওরফে আকাশ (২৪) এবং আমঝুপি ইউনিয়নের খোকসা গ্রামের মৃত সরমান আলীর ছেলে ফুলসুরাত ওরফে সুরাত (৪৮)।

ঘটনার সত্যতা নিশ্চিত করে এসআরবি-১২-এর সিপিসি-৩, মেহেরপুরের ভারপ্রাপ্ত কোম্পানি কমান্ডার সহকারী পুলিশ সুপার হান্নান হাওলাদার জানান, গোপন সংবাদের ভিত্তিতে সিপিসি-৩-এর একটি আভিযানিক দল মেহেরপুরের কোর্টপাড়া এলাকায় মাদক ও চোরাচালানবিরোধী অভিযান পরিচালনা করে। এ সময় ভারত থেকে সরকার নির্ধারিত শুল্ক ও কর ফাঁকি দিয়ে অবৈধভাবে আনা বিভিন্ন ধরনের ওষুধ উদ্ধার করা হয়।

উদ্ধার করা ওষুধের মধ্যে রয়েছে লুলিকোনাজল ক্রিম আইপি (লুলিটেক ৩০ গ্রাম) ৩৮০টি, পাইরাজিনামাইড ট্যাবলেটস আইপি (পাইজিনা ৫০০) ৬৫ পাতা, পলিমিক্সিন বি ফর ইনজেকশন আইপি ৮টি, স্টেরাইল ওয়াটার ফর ইনজেকশনস আইপি (৫ মিলিলিটার) ১১টি, ট্রাইক্লোফস ওরাল সলিউশন আইপি (পেডিক্লোরিল) ১৫টি এবং সালবাকটাম অ্যান্ড সেফোপেরাজোন ফর ইনজেকশন (জস্টাম ২ গ্রাম) ৪০টি।

অভিযান পরিচালনাকারী দল জানায়, উদ্ধার করা ওষুধের আনুমানিক জব্দমূল্য ১ লাখ ৭০ হাজার টাকা। এ ছাড়া ওষুধ পরিবহনে ব্যবহৃত একটি ইজিবাইক ও একটি মোটরসাইকেল জব্দ করা হয়েছে।

আটকদের বিরুদ্ধে সংশ্লিষ্ট আইনে মামলা দায়েরের পর মেহেরপুর সদর থানায় হস্তান্তরের প্রক্রিয়া চলছে বলে জানিয়েছেন এসআরবি-১২-এর ওই কর্মকর্তা।

গাংনীতে ৩০ পিস ইয়াবাসহ যুবক আটক, ৬ মাসের কারাদণ্ড

মেহেরপুরের গাংনী উপজেলার মাইলমারী গ্রামে অভিযান চালিয়ে ৩০ পিস ইয়াবাসহ রুমন হোসেন (৩০) নামে এক যুবককে আটক করেছে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। পরে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে তাকে ছয় মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ৩০০ টাকা জরিমানা করা হয়েছে।

দণ্ডপ্রাপ্ত রুমন হোসেন গাংনী উপজেলার মাইলমারী গ্রামের মিনারুল ইসলামের ছেলে।

মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক রাসেল আহাম্মেদ জানান, গোপন সংবাদের ভিত্তিতে মাইলমারী গ্রামে অভিযান চালানো হয়। এ সময় রুমন হোসেনের কাছ থেকে ৩০ পিস অবৈধ ইয়াবা উদ্ধার করা হয়।

তিনি আরও জানান, আটকের পর রুমন হোসেন নিজের অপরাধ স্বীকার করেন। পরে নির্বাহী ম্যাজিস্ট্রেট পরিচালিত ভ্রাম্যমাণ আদালতে তাকে ছয় মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ৩০০ টাকা অর্থদণ্ড দেওয়া হয়।